তারিখ 02 DEC 1989
পৃষ্ঠা... 4 ... কলাম ... 6...

দৈনিক সংবাদ

031

## শিক্ষাবোর্ডে অনিয়ম

সম্প্রতি কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রতি চোখ ফেরালেই লক্ষ্য করা যাইতেছে, আইন-শৃংখলা হইতে আরম্ভ করিয়া শিক্ষা বোর্ডের চাকরিজীবীদের কাজের প্রতি কতটা অবহেলা : আমি ১৯৮৮ ইং সনে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজ হইতে প্রথম বিভাগে পাস করি। কিন্তু দুঃখের বিষয়, আমার মার্কসীটে যে নাম লেখা হইয়াছে তাহা ভুল। আমি মার্কসীট সংশোধন করার জন্য বোর্ড অফিসে গেলাম, অনেক কষ্টের পর আমি আমার মার্কসীট ঠিক করিয়া আনিলাম। কিন্তু আমি ভাবিলাম হয়তো আমার একটা মার্কসীট লিখতে সাময়িক ভুল হইয়াছে। কিন্তু ১৯৮৯ইং সনের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মার্কসীটে অগণিত ভুল--যেমন, কোথাও দেখা যায় পরীক্ষা নিয়ন্ত্রক সাহেবের স্বাক্ষর নেই, হয়তো বা পিতার নাম ও নিজের নাম ভুল লিখা হইয়াছে। এই ধরনের আরো কত কি অনিয়ম দেখা যায় যাহা কল্পনা করার মত নয়। এই ধরনের অবহেলার কারণে অনেক ছেলে ও মেয়েকে হতাশার মধ্যে থাকিতে হইতেছে। এই ধরনের অনিয়মের কারণগুলি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ খুঁজে দেখিবেন বলিয়া আমাদের বিশ্বাস।

সুদীপ চন্দ্র দাস,
রামমালা ছাত্রাবাস,
মহেশাঙ্গন, কুমিল্লা।